গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
এনআইএস, এপিএ ও সুশাসন শাখা
www.rthd.gov.bd

সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের জাতীয় শুদ্ধাচার কৌশল ২০২৩-২০২৪ অর্থবছরের কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন বিষয়ে ঈদ যাত্রা ও সড়ক নিরাপত্তা বিষয়ে গণশুনানি ও মতবিনিময় সভার রেকর্ড অব নোটস :

| | | |
|---|---|---|
| সভাপতি | : | **এ বি এম আমিন উল্লাহ নুরী**<br>সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ |
| তারিখ | : | ০৪ এপ্রিল ২০২৪ |
| সময় | : | সকাল ১০.০০ মিনিট |
| স্থান | : | বাংলাদেশ ধান গবেষনা ইনস্টিটিউট, আঞ্চলিক কার্যালয়, ভাঙ্গা, ফরিদপুর। |
| উপস্থিতি | : | পরিশিষ্ট-ক |

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি ঈদযাত্রা ও সড়ক নিরাপত্তা বিষয়ে গণশুনানী ও মতবিনিময় সভার কার্যক্রম শুরু করেন এবং সংশ্লিষ্ট সকলের প্রতি গণশুনানী ও মতবিনিময় সভায় অংশগ্রহণের জন্য কৃতজ্ঞতা প্রকাশ করেন।

১.২ প্রারম্ভিক বক্তব্যে সভাপতি জাতীয় শুদ্ধাচার কৌশলের আওতায় গণশুনানী ও মতবিনিময় সভা আয়োজনের গুরুত্ব ব্যাখ্যা করে বলেন যে, ১৯৭৪ সালের ২৫ ডিসেম্বরে জাতির উদ্দেশ্যে প্রদত্ত ভাষণে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বলেছিলেন, "... সুখী ও সমৃদ্ধিশালী দেশ গড়তে হলে দেশবাসীকে কঠোর পরিশ্রমের মাধ্যমে উৎপাদন বাড়াতে হবে। কিন্তু একটি কথা ভুলে গেলে চলবে না – চরিত্রের পরিবর্তন না হলে এই অভাগা দেশের ভাগ্য ফেরানো যাবে কি না সন্দেহ। স্বজনপ্রীতি, দূর্নীতি ও আত্মপ্রবঞ্চনার উর্ধ্বে থেকে আমাদের সকলকে আত্মসমালোচনা, আত্মসংযম ও আত্মশুদ্ধি করতে হবে।" মহান নেতার এই ভাষণ ও তাঁর সোনার বাংলা গড়ার প্রত্যয়ে জাতীয় শুদ্ধাচার কর্মকৌশল বাস্তবায়নের অংশ হিসাবে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ ও তার আওতাধীন দপ্তরসমূহ প্রতি অর্থবছর শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন করছেন। এছাড়া মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা সরকারি সকল দপ্তরে প্রাতিষ্ঠানিক ও আর্থিক ব্যবস্থাপনায় স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করাসহ দুর্নীতি প্রতিরোধে শুদ্ধাচার চর্চার উপর বিশেষ গুরুত্বারোপ করেছেন।

১.৩ তিনি জানান জাতির পিতার স্বপ্ন ও মাননীয় প্রধানমন্ত্রীর অঙ্গীকার বাস্তবায়নের লক্ষ্যে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন বিষয়ে আজকের এই গণশুনানী ও মতবিনিয়ম সভার আয়োজন করা হয়েছে। সভাপতি উল্লেখ করেন যে, সেবা গ্রহীতার দরজায় সেবা পৌঁছে দেয়া আমাদের নৈতিক দায়িত্ব। অবশেষে তিনি ঈদযাত্রা ও সড়ক নিরাপত্তা বিষয়ে উপস্থিত অংশীজনের মতামত ও পরামর্শ আহ্বান করেন।

## ২.০ <u>গণশুনানী ও মতবিনিময় সভায় অংশগ্রহণকারীগণের মতামত/পরামর্শ :</u>

২.১ **জনাব মোঃ কামরুল আহসান তালুকদার পিএএ, জেলা প্রশাসক ও বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, ফরিদপুর :** তিনি সভাকে অবহিত করেন যে, দূর্ঘটনা রোধে ফরিদপুর জেলায় বেশ কিছু পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। যার ফলশ্রুতিতে অনেকাংশে দূর্ঘটনা রোধ করা সম্ভব হয়েছে। অতিরিক্ত গতির কারণে এবং অতিরিক্ত লোডের কারণে মূলত দূর্ঘটনা ঘটে থাকে। ঈদ যাত্রায় হাইওয়েতে ছোট গাড়ী বন্ধ রাখা হবে। ২টি মেডিক্যাল টিম কাজ করবে। এছাড়া ভাঙ্গা মোড় ও ফরিদপুরে গোয়ালামট এলাকায় ফায়ার সার্ভিসের টিম প্রস্তুত থাকবে। গার্মেন্টস ছুটিতে প্রচুর পরিমাণে ফিটনেস বিহীন গাড়ী এবং ট্রাকে যাত্রী চলাচল করে। এগুলো সূচনাতে রোধ করা গেলে সড়ক দুর্ঘটনা হ্রাস করা সম্ভব। সকলে মিলে সড়ক দুর্ঘটনা রোধ করতে হবে। আশা করা যায় পূর্বের তুলনায় এবার ঈদ যাত্রা অনেক ভাল হবে।

এই প্রসঙ্গে সভাপতি মহোদয় সভায় উল্লেখ করেন যে, দূর্ঘটনা রোধে সকলে সম্মিলিতভাবে কাজ করতে হবে। সড়কের বর্তমান অবস্থা পূর্বের তুলনায় অনেক ভাল। তিনি ভাঙ্গা থেকে বরিশাল এবং ভাঙ্গা থেকে ফরিদপুর রুটে লোকাল BRTC বাস চালুর বিষয়ে BRTC-কে নির্দেশনা প্রদান করেন। এছাড়া তিনি দূর্ঘটনায় নিহতদের ক্ষতিপূরণ প্রাপ্তির জন্য আবেদন করার অনুরোধ জানান।

২.২ **জনাব মোঃ মোরশেদ আলম (পিপিএম), পুলিশ সুপার, ফরিদপুর :** তিনি সভাকে অবহিত করেন যে, ফরিদপুর জেলায় গাড়ী পার্কিং/দাঁড়ানোর জন্য নির্দিষ্ট স্থান নির্ধারণ করা হয়েছে। উক্ত নির্দিষ্ট স্থানে গাড়ী পার্কিং না করলে গাড়ী ডাম্পিং করা হবে। তিনি জানান যে, ধীর গতির যান অর্থাৎ অটোরিক্সা যেন মহাসড়কে উঠতে না পারে সেজন্য কমিউনিটি পুলিশকে নির্দেশনা প্রদান করা হয়েছে। ফিটনেস বিহীন গাড়ী যেন সড়কে না চলাচল করতে পারে এবং অতিরিক্ত ভাড়া আদায় না করতে পারে সে বিষয়েও যথাযথ পদক্ষেপ গ্রহন করা হয়েছে। মোটরসাইকেল দূর্ঘটনা রোধেও যথাযথ পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। আশা করা যায় পূর্বের তুলনায় এবার ঈদ যাত্রা পূর্বের তুলনায় সুশৃঙ্খল হবে।

২.৩ **জনাব মোঃ শাহিনুর আলম খাঁন, অতিরিক্ত ডিআইজি, হাইওয়ে পুলিশ, মাদারীপুর রিজিয়ন :** তিনি সভাকে অবহিত করেন যে, হাইওয়ে পুলিশ মাদারীপুর রিজিয়নের আওতায় আটটি থানা রয়েছে। রমজানের শুরুতে উক্ত থানাগুলির আওতায় সকল জনপ্রতিনিধি ও পরিবহন সেক্টরের সাথে জড়িত সকলকে নিয়ে দূর্ঘটনা রোধে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। মহাসড়কে যেন ধীর গতির যান চলাচল করতে না পারে সেজন্য টহল বাড়ানো হয়েছে। অতিরিক্ত সময় গাড়ী চালানো এবং দ্রুত গতি রোধে হাইওয়ে পুলিশের পক্ষ থেকে যথাযথ পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। মহাসড়কে গাড়ী নষ্ট হয়ে গেলে গাড়ী মেরামতের জন্য টিম গঠন করা হয়েছে। মহাসড়কগুলোতে সওজ এর নির্বাহী প্রকৌশলীসহ হাইওয়ে পুলিশ সরেজমিনে পরিদর্শন করে যথাযথ পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। হাইওয়ে পুলিশ, মাদারীপুর রিজিওনের আওতায় র‍্যাকারের স্বল্পতা নিরসনের লক্ষ্যে তিনি সওজ এর সহযোগীতা প্রত্যাশা করেন। তিনি ফিটনেস বিহীন যানবাহন না নামানোর জন্য হাইওয়ে পুলিশের পক্ষ থেকে বাস মালিক ও শ্রমিক সংগঠনকে অনুরোধ করেন।

২.৪ **বীর মুক্তিযোদ্ধা মোঃ আবুল ফয়েজ শাহ নেওয়াজ, সাবেক জেলা কমান্ডার, ফরিদপুর জেলা মুক্তিযোদ্ধা কমান্ড :** তিনি সভাকে অবহিত করেন যে, সড়কে চাঁদাবাজি বন্ধ করা দরকার। এছাড়া অপরিপক্ক ড্রাইভারের নিকট যেন কোন মালিক গাড়ী না দেয় সেদিকে মালিক পক্ষকে সতর্ক থাকার জন্য তিনি বিশেষভাবে অনুরোধ করেন। তিনি ট্রাফিক ব্যবস্থার উন্নয়নের জন্য ট্রাফিক বিভাগকে অনুরোধ করেন। এছাড়া রাস্তায় ওভার টেকিং বন্ধ করাসহ সড়কে সিসি ক্যামেরার আওতায় আনার জন্য অনুরোধ জানান।

২.৫ **জনাব এস.এম. হাবিবুর রহমান, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভাঙ্গা :** তিনি সভাকে অবহিত করেন যে, ভাঙ্গায় একটি বাস টার্মিনাল নির্মাণ করা প্রয়োজন। অপরিপক্ক ড্রাইভারের নিকট যেন কোন মালিক গাড়ী না দেয় সেদিকে মালিক পক্ষকে সতর্ক থাকার জন্য তিনি বিশেষভাবে অনুরোধ করেন। এছাড়া রাস্তায় ওভার টেকিং বন্ধ করাসহ সড়কে সিসি ক্যামেরার আওতায় আনার জন্য অনুরোধ জানান।

২.৬ **জনাব আবু ফয়েজ মোঃ রেজা, মেয়র, ভাঙ্গা পৌরসভা, ভাঙ্গা, ফরিদপুর :** তিনি সভায় ভাঙ্গায় একটি বাস টার্মিনাল নির্মাণের অনুরোধ করেন। ড্রাইভিং লাইসেন্স প্রদানের ক্ষেত্রে প্রকৃত অবস্থা যাচাই করার অনুরোধ জানান। এছাড়া আসন্ন ঈদে যাত্রাপথে মলম পার্টির কবল হতে সকলকে সতর্ক থাকার পরামর্শ প্রদান করেন।

২.৭ **জনাব কবিরুল ইসলাম সিদ্দিকী, সভাপতি, ফরিদপুর প্রেসক্লাব :** তিনি সভাকে অবহিত করেন যে, ফরিদপুর শহরটি অনেক পুরাতন শহর। উক্ত শহরে তীব্র যানযটের কারণে প্রায়ই দূর্ঘটনা ঘটে। ফরিদপুর শহরটিকে বাইপাস করার লক্ষ্যে ফরিদপুর (গোয়ালচামট)-এস,এস ঘাট সড়কটি বাস্তবায়নের লক্ষ্যে সওজ ফরিদপুর একটি ডিপিপি প্রণয়ন করেছেন। উক্ত ডিপিপি অনুমোদনের জন্য সভাপতি মহোদয়কে অনুরোধ করেন।

২.৮ **জনাব আকরামুজ্জামান রাজা, সাধারণ সম্পাদক, ভাঙ্গা উপজেলা আওয়ামী লীগ, ফরিদপুর :** তিনি সভাকে জানান যে, সড়ক দূর্ঘটনা রোধে যে সকল পদক্ষেপ গ্রহণ করা হয়েছে সেগুলো ঈদ পর্যন্ত সীমাবদ্ধ না রেখে সারা বছর বিদ্যমান থাকা প্রয়োজন। এছাড়া পরিবহনে চাঁদাবাজি বন্ধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করেন। ভাঙ্গায় একটি বাস টার্মিনাল নির্মাণের জন্য অনুরোধ করেন। তিনি ট্রাফিক ব্যবস্থার উন্নয়নের জন্য ট্রাফিক বিভাগকে অনুরোধ করেন। এছাড়া রাস্তায় ওভার টেকিং বন্ধ করাসহ সড়কে সিসি ক্যামেরার আওতায় আনার জন্য অনুরোধ জানান।.

২.৯ **জনাব আসমা আক্তার মুক্তা, চেয়ারম্যান, রাসিক, ফরিদপুর :** তিনি সভায় মহাসড়কে চলাচলরত গাড়ীগুলোতে বদলী চালক/বিকল্প চালক রাখার বিষয়ে প্রয়োজনীয় প্রদক্ষেপ গ্রহণের অনুরোধ জানান। মহাসড়কের এক্সপ্রেসওয়েতে গাড়ীগুলোর প্রতিযোগিতার কারণে প্রায়ই দূর্ঘটনা ঘটে। এছাড়া রাস্তায় ওভার টেকিং বন্ধ করাসহ সড়কে সিসি ক্যামেরার আওতায় আনার জন্য কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করেন।

২.১০ **জনাব নাজিম বকাউল, জেলা প্রতিনিধি, দৈনিক সংবাদ ও মাইটিভি :** তিনি সভায় উল্লেখ করেন যে, ভাঙ্গা-ফরিদপুর মহাসড়কটি দ্রুত মেরামত করা প্রয়োজন। রোড মার্কিং, স্পীড লিমিট সাইন দ্রুত স্থাপন করার জন্য তিনি অনুরোধ জানান।

২.১১ **জনাব এস. এম. মাসুদুর রহমান, জেলা প্রতিনিধি, ইন্ডিপেন্ডেন্ট টিভি :** তিনি সকাকে জানান যে, মহাসড়কগুলো দ্রুত মেরামত করা প্রয়োজন। রোড মার্কিং, স্পীড লিমিট সাইন দ্রুত স্থাপন করার জন্য তিনি অনুরোধ জানান।

২.১২ **জনাব বি.কে. সিকদার সজল, রিপোর্টার, সময় টিভি :** তিনি বলেন, মহাসড়কগুলোর আন্ডুলেশন ও পটহোলস দ্রুত মেরামত করা প্রয়োজন। এছাড়া রোড মার্কিং, স্পীড লিমিট সাইন দ্রুত স্থাপন করার জন্য তিনি অনুরোধ জানান।

২.১৩ **জনাব শীতাংশু শেখর বিশ্বাস, পরিচালক (ইঞ্জি:), বিআরটিএ সদর কার্যালয়, ঢাকা :** তিনি সভাকে অবহিত করেন যে, দূর্ঘটনায় আহত এবং নিহতদের পরিবারকে সরকার কর্তৃক নির্ধারিত হারে ক্ষতিপূরণ প্রদান করা হয়। এই বিষয়টি সকলকে অবহিত করার জন্য তিনি জেলা প্রশাসন ও জেলা পুলিশসহ সকলকে অনুরোধ জানান।

২.১৪ **মেজর মোঃ নিজাম উদ্দিন, জিএম (অপারেশন), বিআরটিসি সদর কার্যালয়, ঢাকা :** তিনি সভাকে অবহিত করেন যে, ফরিদপুর থেকে কুয়াকাটা পর্যন্ত বিআরটিসির লোকাল বাস পরিচালনার বিষয়ে বিআরটিসির চেয়ারম্যান মহোদয়ের সাথে আলোচনা করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

২.১৫ **সৈয়দ মঈনুল হাসান, প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর :** সভাকে অবহিত করেন যে, মাননীয় প্রধানমন্ত্রীর সুদৃঢ় নেতৃত্ব এবং মাননীয় সড়ক পরিবহন ও সেতু মন্ত্রীর নির্দেশনায় আমরা আমাদের মহাসড়ক নিরাপদ রাখার সকল প্রচেষ্টা অব্যাহত রাখব।

২.১৬ **জনাব মোঃ মাহবুবের রহমান, যুগ্মসচিব, বাজেট অনুবিভাগ এবং শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও এপিএ টিম লিডার :** সভায় বলেন, গণশুনানির মাধ্যমে সেবা প্রদানের ক্ষেত্রে সমস্যা ও প্রতিবন্ধকতাসমূহ চিহ্নিত হয়। গণশুনানিতে সেবা গ্রহীতা তাঁর সকল সমস্যার কথা সরাসরি বলতে পারেন। সেবা দাতা এবং সেবা গ্রহীতা একসাথে কাজের মাধ্যমে শুদ্ধাচার প্রতিষ্ঠা করতে হবে। সেবা দাতা ও সেবা গ্রহীতা মিলে স্ব স্ব দায়িত্ব পালন করা একান্ত প্রয়োজন। পরিশেষে তিনি সকলকে ২০৪১ সালের মধ্যে মাননীয় প্রধানমন্ত্রীর স্মার্ট বাংলাদেশে স্মার্ট পরিবহন ব্যবস্থা গড়ে তোলার কার্যক্রমে অংশগ্রহণের আহ্বান জানান।

৩.০ অতঃপর আর কোন বিষয়/পরামর্শ না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে গণশুনানী ও মতবিনিময় সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
**(এ বি এম আমিন উল্লাহ নুরী)**
সচিব

স্মারক নং-৩৫.০০.০০০০.০৪৯.০৬.০১৩.২৩-৬৭

তারিখ : ১৫ বৈশাখ, ১৪৩১ / ২৮ এপ্রিল, ২০২৪

বিতরণ :

(ক) সরকারি সংস্থা (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ), বনানী, ঢাকা।
৩. প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
৪. চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন, ২১ রাজউক এভিনিউ, ঢাকা।
৫. যুগ্মসচিব, বাজেট অনুবিভাগ এবং শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও এপিএ টিম লিডার, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
৬. অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, গোপালগঞ্জ জোন/বরিশাল জোন।
৭. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ, গোপালগঞ্জ/বরিশাল/ফরিদপুর সড়ক সার্কেল।
৮. জেলা প্রশাসক, ফরিদপুর/গোপালগঞ্জ/বরিশাল/শরিয়তপুর/মাদারীপুর/রাজবাড়ী ।
৯. পুলিশ সুপার, ফরিদপুর/গোপালগঞ্জ/বরিশাল/শরিয়তপুর/মাদারীপুর/রাজবাড়ী ।
১০. পুলিশ সুপার, হাইওয়ে পুলিশ, মাদারীপুর রিজিয়ন, ফরিদপুর।
১১. কোম্পানী কমান্ডার, র‍্যাব-০৮, মাদারীপুর।
১২. নির্বাহী প্রকৌশলী, সওজ, ফরিদপুর/গোপালগঞ্জ/বরিশাল/শরিয়তপুর/মাদারীপুর/রাজবাড়ী।
১৩. উপজেলা নির্বাহী অফিসার, ফরিদপুর/ভাংগা/নগরকান্দা/শিবচর/গোয়ালন্দ।
১৪. জেলা কমান্ড্যান্ট, জেলা কমান্ড্যান্ট এর দপ্তর, জেলা কমান্ড্যান্ট এর কার্যালয়, ফরিদপুর।

১৫. অফিসার ইনচার্জ, ভাংগা হাইওয়ে থানা, মাদারীপুর রিজিয়ন, ফরিদপুর।
১৬. সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ফরিদপুর।
১৭. প্রিন্সিপাল সাইন্টিফিক অফিসার এবং প্রধান, বাংলাদেশ ধান গবেষনা ইনস্টিটিউট, আঞ্চলিক কার্যালয়, ভাংগা, ফরিদপুর।
১৮. তথ্য অফিসার, জেলা তথ্য অফিস, ফরিদপুর।
১৯. পরিচালক (ইঞ্জিঃ), বিআরটিএ, ঢাকা/বরিশাল বিভাগীয় অফিস।
২০. সহকারী পরিচালক (ইঞ্জিঃ), বিআরটিএ, গোপালগঞ্জ/মাদারীপুর/বরিশাল/শরিয়তপুর/ফরিদপুর/রাজবাড়ী ।
২১. ম্যানেজার (ট্রেনিং), বিআরটিসি, মাদারীপুর/বরিশাল/শরিয়তপুর/ফরিদপুর/রাজবাড়ী ।
২২. পরিচালক, ভাংগা টোল প্লাজা।

**(খ) স্থানীয় সংস্থা (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. জেলা পরিষদ চেয়ারম্যান, ফরিদপুর।
২. উপজেলা পরিষদ চেয়ারম্যান, ভাংগা, ফরিদপুর।
৩. মেয়র, ভাংগা পৌরসভা, ভাংগা, ফরিদপুর।

**(গ) শিক্ষা প্রতিষ্ঠান (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. অধ্যক্ষ, রাজেন্দ্র কলেজ, ফরিদপুর।

**(ঘ) পরিবহন সংশ্লিষ্ট ও অন্যান্য প্রতিষ্ঠানসমূহ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. সভাপতি/সাধারন সম্পাদক, প্রেস ক্লাব, ফরিদপুর।
২. সভাপতি/সাধারন সম্পাদক, জেলা বাস মালিক সমিতি, ফরিদপুর।
৩. সভাপতি/সাধারন সম্পাদক, জেলা ট্রাক মালিক সমিতি, ফরিদপুর।
৪. সভাপতি/সাধারন সম্পাদক, জেলা মটর শ্রমিক ইউনিয়ন, ফরিদপুর।
৫. সভাপতি/সাধারন সম্পাদক, জেলা ট্যাংক লরি, কাভার্ড ভ্যান শ্রমিক ইউনিয়ন, ফরিদপুর।

**(ঙ) বীর মুক্তিযোদ্ধা, সাংস্কৃতিক সংস্থা ও NGO ইত্যাদি।**

১. বীর মুক্তিযোদ্ধা জনাব জেলা কমান্ডার মোঃ আবুল ফয়েজ শাহ নেওয়াজ।
২. আসমা আক্তার মুক্তা, চেয়ারম্যান রাসিক।

**অনুলিপি (সদয় অবগতির জন্য) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

১। একান্ত সচিব, মাননীয় মন্ত্রী, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রনালয় [মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য]।
২। একান্ত সচিব, সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ [সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য]।
৩। অফিস কপি/মাস্টার কপি।

**অনুলিপি (কার্যার্থে):**

১। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের ওয়েব সাইটের শুদ্ধাচার সেবাবক্সে প্রকাশের অনুরোধসহ)।

২৮.৪.২৪

(মুহাম্মদ কামরুল হাসান)
উপসচিব
ফোন : ২২৩৩৫৫৫২৮